গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩৩.২৭.০৮১.১৫. তারিখ:

# “আদেশ”

খাদ্য মন্ত্রণালয়ের ০৯/১১/২০১৫ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০২২.৩২.০০৪.০৯.৫৯২ নং স্মারক মোতাবেক এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২ (গ) এ উল্লিখিত ক্ষমতা অনুসারে খাদ্য অধিদপ্তরের অধীন পরিচালক, প্রশাসন; প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা; আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল), সাইলো সুপারিনটেনডেন্ট (সকল); জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (সকল) তাদের অধিক্ষেত্রে কর্মরত ১০ম গ্রেড-২০ তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ ব্যতীত সাময়িক বরখাস্ত করা, লঘুদণ্ডের আওতায় বিভাগীয় মামলা আনয়ন করা এবং অন্যান্য আনুষঙ্গিক সংস্থাপনিক ক্ষমতা প্রয়োগের জন্য খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ০১/১০/২০২০ খ্রি. তারিখের ৯৭৩ নং স্মারকে আদেশ জারি করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত ১০ম গ্রেড, ১১তম গ্রেড হতে ১৬ তম গ্রেড এবং ১৭তম গ্রেড হতে ২০তম গ্রেড (পূর্বের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সরকারি কর্মচারীদের বিরুদ্ধে লঘু দন্ডের আওতায় বিভাগীয় মামলা আনয়নের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে লঘু দন্ডের আওতায় বিভাগীয় মামলা আনয়ন না করে বিভাগীয় মামলা আনয়নের সুপারিশসহ খসড়া অভিযোগনামা ও অভিযোগ বিবরণী খাদ্য অধিদপ্তরে প্রেরণ করছেন। এটি কাম্য নয়।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ০১/১০/২০২১ খ্রি. তারিখের ৯৭৩ নং স্মারকের আদেশমূলে খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত ১০ম গ্রেড, ১১তম গ্রেড হতে ১৬ তম গ্রেড এবং ১৭তম গ্রেড হতে ২০তম গ্রেড (পূর্বের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণি) এর সংশ্লিষ্ট সরকারি কর্মচারীদের বিরুদ্ধে লঘু দন্ডের আওতায় বিভাগীয় মামলা আনয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
(শেখ মুজিবর রহমান)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা
ই-মেইল: dg@dgfood.gov.bd
ফোন: ০২-৯৫৮৪৮৩৪

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩৩.২৭.০৮১.১৫.৪৪৭ (৮৪) তারিখ: ০৩/০৫/২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০২। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল
০৩। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা
০৪-১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/রংপুর/বরিশাল
১১-১৬। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো, চট্টগ্রাম/নারায়নগঞ্জ, সাইলো, নারায়নগঞ্জ/সান্তাহার সাইলো, বগুড়া/আশুগঞ্জ, সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট
১৭। সিস্টেম অ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো)
১৮-৮১। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৮২-৮৩-। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা
৮৩-৮৪। অফিস/মাস্টার কপি

০৩/০৫/২১
(মো. হাসান আল নাঈম)
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
তদন্ত ও মামলা শাখা
প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
ই-মেইল: dd.enp@dgfood.gov.bd
ফোন: ০২-৪১০৫০০৯৩